

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 24-11-2025

Time: 1.40 P.M.

ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধন-SIR প্রক্রিয়ায় এনুমারেশন ফর্ম পূরণ ও সংগ্রহের শেষ পর্বে BLO অ্যাপ ও সার্ভারের সমস্যা নিরসনে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল আজ জরুরি বৈঠকে বসেছেন। উপস্থিত আছেন সংশ্লিষ্ট আধিকারিক ও সমস্ত এজেন্সি। ডেটা আপলোড, যাচাইকরণ ও ডিজিটাইজেশনের কাজ ধীর গতিতে হওয়ায় বিএলও-দের মধ্যে তৈরি হয়েছে উদ্বেগ। বৈঠকে সার্ভার ডাউন হওয়ার কারণ, প্রযুক্তিগত ঘাটতি, তাৎক্ষণিক সমাধান এবং বিকল্প ব্যবস্থা নিয়ে বিস্তারিত আলোচনা চলছে।

oooooooooooooooooooo

বিএলওদের ওপর অত্যধিক কাজের চাপের অভিযোগ এবং এসআইআর বন্ধের দাবিতে আজ নির্বাচন কমিশনের দপ্তর অভিযানের ডাক দিয়েছে বিএলও অধিকার রক্ষা কমিটি। কলেজস্ট্রিট থেকে বিবাদীবাগ পর্যন্ত বিক্ষোভ মিছিলের পর নির্বাচন কমিশনের দপ্তরের সামনে অবস্থান-বিক্ষোভে বসবেন তারা।

এদিকে ভোটকর্মী ও বি এল ও ঐক্য মঞ্চ এই অভিযানের বিরোধিতা করেছে। মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল বলেছেন, এসআইআর বন্ধের দাবি জানানো বিএলওদের অধিকারের মধ্যে পড়ে না।

oooooooooooooooooooo

SIR নিয়ে কলকাতা হাইকোর্টে দায়ের হওয়া জনস্বার্থ মামলার শুনানি মূলতুবি করেছে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পালের ডিভিশন বেঞ্চ।

সুপ্রিম কোর্টে যেহেতু এই মামলা বিচারাধীন রয়েছে, তাই সমস্ত হাইকোর্ট যেন মামলার শুনানি স্থগিত রাখে এই মর্মে আগেই নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত।

এর প্রেক্ষিতে মামলার শুনানি মূলতবি করলেন ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চ। কলকাতা হাইকোর্টে দায়ের হওয়া জনস্বার্থ মামলায় ২০০২ সালকে কেন ভিত্তি বর্ষ করা হয়েছে সেই প্রশ্ন তুলে মামলা দায়ের করা হয়েছিল। পাশাপাশি এসয়াইয়ারের সময় সীমা বৃদ্ধির দাবিও জানান হয়।

০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগণার সাগর ব্লকে এক বিশেষ অনুষ্ঠানে ৬ জন বিএলও-কে সম্বর্ধনা জানানো হয়। এন্যুমারেশন ফর্ম দেওয়া ও জমা নেওয়া এবং অন লাইনে আপলোডের কাজ ১-শো শতাংশ সফলভাবে সম্পন্ন করায় তাদের সম্বর্ধনা জানানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে অনুপ্রবেশ নিয়ে লাগাতার অভিযোগের মধ্যে সীমান্ত পরিস্থিতি দেখতে রাজ্যপাল সিভি আনন্দ বোস আজ উত্তর ২৪ পরগণা লাগোয়া বাংলাদেশ সীমান্তের হাকিমপুরে যাচ্ছেন। সেখান থেকে তিনি যাবেন, নদীয়ার করিমপুরে। আজ কৃষ্ণনগরে রাত্রিবাসের পর আগামীকাল তাঁর মূর্শিদাবাদ যাওয়ার কথা।

রাজভবনে গতসন্ধ্যায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে রাজ্যপাল বলেন, এসআইআর-এ পদ্ধতিগত কোনো ত্রুটি থাকলে অবশ্যই তা সংশোধন করা প্রয়োজন। এসআইআর শুরু হওয়ার পর থেকে বাংলাদেশে ফিরে যাওয়ার জন্য এরাজ্যের সীমান্তবর্তী এলাকায় ভিড় করছেন বহু মানুষ।

০০০০০০০০০০০০০০০০০০

স্কুল সার্ভিস কমিশনের নবম-দশমে শিক্ষক নিয়োগের ফল আজ প্রকাশিত হবে। ২৩ হাজার ২১২টি শূন্যপদের জন্য পরীক্ষা দিয়েছিলেন ২ লক্ষ ৯৩ হাজার ১৯২ জন। গত ৭ই সেপ্টেম্বর পরীক্ষা নেওয়া হয়। ফল প্রকাশের পর ইন্টারভিউ এবং নথি যাচাইয়ের জন্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ করবে কমিশন।

একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগ পরীক্ষার ফল প্রকাশের পর ওয়েবসাইট বিভ্রাটে তা দেখতে গিয়ে সমস্যায় পড়েন পরীক্ষার্থীরা। এবার যাতে তা না হয়, তার জন্য কমিশন প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছে বলে জানা গেছে।

উল্লেখ্য, একাদশ ও দ্বাদশ শ্রেণীর শিক্ষক পদে নিয়োগের জন্য ২৬ তারিখ থেকে ইন্টারভিউ পর্ব শুরু হবে।

এদিকে, চাকরীহারা শিক্ষকদের অভিজ্ঞতার জন্য ১০ নম্বর দেওয়ার প্রতিবাদে ফের আন্দোলনে নামছে এসএসসির নতুন চাকরীপ্রার্থীরা। করুণাময়ী মোড় থেকে বিকাশভবন পর্যন্ত আজ মিছিলের ডাক দেওয়া হয়েছে। অতিরিক্ত ১০ নম্বরের বিষয়টি ভেবে দেখা এবং শূন্যপদ বাড়ানোরও দাবি তুলছেন আন্দোলনকারীরা।

০০০০০০০০০০০০০০০০০০

অবিলম্বে হাওড়া পুরসভার নির্বাচনের দাবি জানিয়ে দায়ের হওয়া মামলার, কলকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চে দ্রুত শুনানির আবেদন জানানো হয়েছে। আগেই এবিষয়ে একটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছিল।

২০১৮ সালের পর থেকে হাওড়া পুরসভায় নির্বাচন না করিয়ে শাসক দল প্রশাসক বসিয়ে রেখেছে বলে আইনজীবী সব্যসাচী চট্টোপাধ্যায় জানান। এরফলে জনকল্যাণমুখী প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন হাওড়াবাসী।

ভারপ্রাপ্ত প্রধান বিচাপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথী সেনের ডিভিশন বেঞ্চ আবেদন বিবেচনার আশ্বাস দিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

শিক্ষা সংক্রান্ত এক আন্তর্জাতিক আলোচনা সভায় যোগ দিতে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার শ্লোভাকিয়ার রাজধানী ব্রাতিস্লাভা পৌঁছেছেন। অর্থনৈতিক সহযোগিতা এবং উন্নয়ন সংক্রান্ত সংগঠন ও শ্লোভাক সরকারের যৌথ উদ্যোগে আয়োজিত ঐ সভায় ভারতের হয়ে প্রতিনিধিত্ব করবেন সুকান্ত বাবু। শিক্ষা ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তার ভবিষ্যৎ বিষয়েও ঐ সভায় ৩৮ টি দেশের প্রতিনিধিরা যোগ দিচ্ছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

জাতীয় মহিলা কমিশন দেশজুড়ে বিপদগ্রস্ত মহিলাদের দ্রুত সহায়তা নিশ্চিত করার জন্য একটি নতুন ২৪ ঘণ্টার হেল্পলাইন নম্বর চালু করেছে। নম্বরটি হল ১ ৪ ৪ ৯ ০ । এক বিবৃতিতে কমিশন বলেছে, টোল-ফ্রি নম্বরটি কমিশনের হেল্পলাইনের সঙ্গে যুক্ত। এই নম্বরটি সংক্ষিপ্ত কোড হিসাবে কাজ করে, যা মহিলাদের কোনও বিলম্ব ছাড়াই সহায়তা করতে সক্ষম।

০০০০০০০০০০০০০০০০০০০০

মন্দারমনিতে গত শনিবার স্নান করতে গিয়ে তলিয়ে যাওয়া তরুণের দেহ আজ ভোরে মোহনার কাছ থেকে উদ্ধার হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, সেদিন দুপুরের দিকে একটি গাড়িতে করে এক মহিলা সহ ৫ জন মন্দারমনি যায়। পূর্ব বর্ধমানের ভাতারের বাসিন্দা বছর ২৩ এর স্বরাজ বসু স্নান করার সময়ে সমুদ্রে তলিয়ে যায়। চাকরি সূত্রে ঐ যুবক কলকাতায় থাকতেন বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

নভেম্বরের শেষ সপ্তাহেও রাজ্যে জাঁকিয়ে শীত পড়ার কোনো সম্ভাবনা নেই। তবে সাময়িকভাবে তাপমাত্রা স্বাভাবিকের থেকে দু-ডিগ্রী কমতে পারে। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা সামান্য কম। আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, রাজ্যের বেশিরভাগ অংশে আগামী এক সপ্তাহ শুষ্ক আবহাওয়া বজায় থাকবে।

(বাইট-সৌরিশ)

এদিকে, মালাক্কা প্রণালী সংলগ্ন দক্ষিণ আন্দামান সাগরে থাকা সুস্পষ্ট নিম্নচাপটির দক্ষিণপূর্ব বঙ্গোপসাগরের কাছে গভীর নিম্নচাপে পরিণত হবার সম্ভাবনা। তবে আগামী এক সপ্তাহে এর কোনো প্রভাব এ রাজ্যে পড়বে না বলেও জানিয়েছে আবহাওয়া দপ্তর।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০